ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৫৬৩
আগরতলা, ২৭ আগস্ট, ২০২৫

## কাঞ্চনবাড়ি ও ফটিকরায় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে প্রধানমন্ত্রী সুরক্ষিত মাতৃত্ব অভিযান কর্মসূচি





সারা রাজ্যের পাশাপাশি ঊনকোটি জেলাতেও নিয়মিতভাবে চলছে প্রধানমন্ত্রী সুরক্ষিত মাতৃত্ব অভিযান কর্মসূচি। এর অংশ হিসেবে গত ২৩ আগস্ট কাঞ্চনবাড়ি ও ফটিকরায় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে এই বিশেষ কর্মসূচি অনুষ্ঠিত হয়। এই কর্মসূচির মূল উদ্দেশ্য হল গর্ভবতী মা ও শিশুদের সুস্বাস্থ্য নিশ্চিত করা এবং মা ও শিশু মৃত্যুর হার হ্রাস করা। এছাড়াও একই দিনে, ফটিকরায় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের ভারপ্রাপ্ত চিকিৎসক ডাঃ দেবাশিস পাল ১০ জন গর্ভবতী মায়ের বিনামূল্যে প্রাক-প্রসবকালীন স্বাস্থ্য পরীক্ষা করেন। একই সময়ে, কাঞ্চনবাড়ি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের মেডিকেল অফিসার ডাঃ মৃন্ময় চাকমা মোট ২২ জন গর্ভবতী মাকে প্রয়োজনীয় চিকিৎসা পরিষেবা প্রদান করেন। চিকিৎসকরা গর্ভবতী মায়েদের বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে সচেতন করেন। এছাড়াও, এই কর্মসূচিতে অংশগ্রহণকারী গর্ভবতী মায়েদের পুষ্টিকর খাবার সরবরাহ করা হয়। অভিজ্ঞ চিকিৎসকরা তাদের সুষম পুষ্টি এবং স্বাস্থ্যকর জীবনধারা সম্পর্কে পরামর্শ দেন। স্বাস্থ্য দপ্তর থেকে এক প্রেস রেলিজে এই সংবাদ জানানো হয়েছে।

*****